# ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি

সাধারন সেবা বিভাগ, অপারেশন্স উইং

প্রধান কার্যালয়, ২০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

## বার্ষিক প্রতিবেদন -২০২৩ মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য দরপত্র আহবান

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি এর ২০২৩ইং সালের ২,০০০ (দুই হাজার) কপি বার্ষিক প্রতিবেদন ও ২,০০০ (দুই হাজার) কপি এনভেলপ (খাম) মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য প্রতিষ্ঠিত মুদ্রণকারী প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা হচ্ছে। যাদের ঢাকাতে নিজস্ব উন্নত মানের আধুনিক প্রেস ও স্থাপনা রয়েছে এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ, বাঁধাই ও সরবরাহ করার অভিজ্ঞতা রয়েছে, তাদেরকে উক্ত কাজের জন্য যোগ্য বলে বিবেচনা করা হবে। কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত সিডিউল আগামী ২৮/০৪/২০২৪ইং তারিখ হতে ০৮/০৫/২০২৪ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সাধারন সেবা বিভাগ, ২০ দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা-১০০০ থেকে প্রতিটি নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উদ্ধৃত মূল্যের ২.৫% জামানত পে-অর্ডার আকারে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

মুদ্রণ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত সিডিউলে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণপূর্বক দরপত্র আগামী ০৮/০৫/২০২৪ইং তারিখ বেলা ৩:০০ টার মধ্যে ব্যাংকের সাধারন সেবা বিভাগ, ২০ দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা-১০০০ তে রক্ষিত বাক্সে ফেলতে হবে, যা একই দিন বেলা ৩ টা ১০ মিনিটে উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েবসাইটেও (www.islamibankbd.com) দেখা যাবে।

২৩/০৪/২০২৪

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

Office Note for tender of Annual Report-2023